

ত্রিপুরা সরকার  
তথ্য ও সংস্কৃতি অধিকার

\*\*\*\*\*

স-৫০৭

সোনামুড়া, ২৪ জুন, ২০২৪

সোনামুড়া মহকুমায় সহায়কমূল্যে  
৯২৮.৪০০ মেট্রিক টন ধান ক্রয়

সোনামুড়া মহকুমায় কৃষকদের কাছ থেকে ন্যূনতম সহায়কমূল্যে ধান ক্রয় কর্মসূচিতে ১৫ জুন থেকে ২২ জুন পর্যন্ত ৯২৮.৪০০ মেট্রিক টন ধান ক্রয় করা হয়েছে। প্রতি কেজি ধান ২১.৮৩ টাকা দরে ক্রয় করা হয়েছে। এই কর্মসূচিতে মহকুমার ৪৩৯ জন কৃষকের কাছ থেকে ন্যূনতম সহায়কমূল্যে ধান ক্রয় করা হয়েছে। মহকুমার মেলাঘরের জগন্নাথবাড়ি নাট মন্দির ও কাঁঠালিয়া বাজারের কমিউনিটি হলে কৃষকদের কাছ থেকে এই ধান ক্রয় করা হয়েছে। তাছাড়াও ৩০ জুন থেকে ৫ জুলাই পর্যন্ত মহকুমার বক্সনগর কমিউনিটি হলে ও ২৯ জুন থেকে ৫ জুলাই পর্যন্ত নিউ ধনপুর মোটর স্ট্যাণ্ডে কৃষকদের কাছ থেকে ন্যূনতম সহায়কমূল্যে ধান ক্রয় করা হবে। তাছাড়াও মহকুমার নলছড় ব্লকের বৈরাগীবাজার নাট মন্দিরে গত ২২ জুন থেকে কৃষকদের কাছ থেকে সহায়কমূল্যে ধান ক্রয় করা শুরু হয়েছে। আগামী ২৬ জুন পর্যন্ত এই কেন্দ্রে কৃষকদের কাছ থেকে সহায়কমূল্যে ধান ক্রয় করা হবে।

\*\*\*\*\*